গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩১.২৬.০০১৪.২২.২৯৪

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের গাড়ি সরকারি যানবাহন অধিদপ্তরে হস্তান্তর।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.১২১.২৬.০২০.২৪ (অংশ-১)-১৬৯; তারিখ: ০৪/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রস্থ স্মারকের নির্দেশনা অনুযায়ী সমাপ্ত প্রকল্পের যানবাহনসমূহ বিধি মোতাবেক সরকারি যানবাহন অধিদপ্তরে হস্তান্তরের বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহ:
(১) সূত্রস্থ পত্রের ছায়ালিপি।
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪-০৫-২০২৬ তারিখের পত্র।

২৫-০৬-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপসচিব
ফোন : ০২-২২৩৩৫৬৭৭৫
ইমেইল : admin1@mowr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫। সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩১.২৬.০০১৪.২২.২৯৪/১ (৪)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৫-০৬-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপসচিব

তারিখঃ ৮ জুলাই ২০২৬ খ্রি.

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.২৬.১৫৬.২৪- ৭৮০

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)......... বাপাউবো............।
৩. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী / প্রকল্প পরিচালক (সকল)...............................।
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৬. পরিচালক (সকল).......................................।
৭. নির্বাহী প্রকৌশলী/ প্রকল্প পরিচালক (সকল)........................।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।।
৯. অফিস কপি/মাস্টার কপি।

০৮/০৭/২০২৬
(হোসাইন মোঃ হাফিজুর রহমান)
উপপরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর: ৬৮১২১৪০০১

ডায়েরী নং ৮৪৪
তারিখঃ ১৩/৭/২৪
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

চলমান পাতা -২/২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১২১.২৬.০০৮.২০ (অংশ-১)-৫৩২ তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১ / ১৮ নভেম্বর ২০২৪

## পরিপত্র

**বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন কেন্দ্রীয় পরিবহণ পুলে জমাকরণ, ব্যবহার ও নিষ্পত্তি।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.১৫১, তারিখ: ২৫/০৮/২০২৪

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরে জমাদান, ব্যবহার ও নিষ্পত্তি সংক্রান্ত বিদ্যমান নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো এবং নিম্নবর্ণিত পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল :

০১। প্রকল্প পরিচালক, প্রকল্প সমাপ্তির ৯০ (নব্বই) দিন পূর্বে প্রকল্পের শ্রেণিভিত্তিক যানবাহনের সংখ্যা, অবস্থান এবং বর্তমান অবস্থা (সচল/অচল) ইত্যাদি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করে এর অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও সরকারি যানবাহন অধিদপ্তরে প্রেরণ করবেন। প্রাপ্ত তথ্যাদি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক প্রবর্তিত e-PMIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

০২। সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পরিচালক, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মাধ্যমে প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে প্রকল্পের সকল সচল যানবাহন, জনপ্রশাসন মন্ত্রণালয়াধীন সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহণ পুলে জমা প্রদান করবেন। সরকারি যানবাহন অধিদপ্তর থেকে যানবাহন জমা প্রদান সংক্রান্ত প্রতিবেদন প্রাপ্তির পর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সংশ্লিষ্ট প্রকল্পের অন্যান্য শর্ত পূরণ-সাপেক্ষে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) গ্রহণ করবে। পূর্ব প্রকল্পের PCR জমাদানসাপেক্ষে পরবর্তী প্রকল্প অনুমোদন করা হবে।

০৩। সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রকল্প সমাপ্তির সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে তার অধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অচল যানবাহন/চলমান প্রকল্পের অন্য ফেজ/অন্য প্রকল্প হতে স্থানান্তরিত যানবাহন অচল হলে সংস্থাপন মন্ত্রণালয় থেকে ১১.০৫.১৯৯৯ তারিখের সম (পরি)প-৫/৯৮-১৫৮(২০০) নং স্মারকমূলে জারিকৃত 'মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা' অনুযায়ী তা অকেজো ঘোষণাপূর্বক বিক্রি করে বিক্রয়লব্ধ অর্থ সরকারের সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) ও সরকারি যানবাহন অধিদপ্তরকে অবহিত করবে।

০৪. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) প্রকল্পাধীন যানবাহনের অপব্যবহার চিহ্নিতকরণ, প্রকল্প সমাপ্তির পর সরকারি কেন্দ্রীয় পরিবহণ পুলে জমা নিশ্চিতকরণ বিষয়ে প্রকল্পওয়ারি ত্রৈমাসিক প্রতিবেদন, নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগের মাধ্যমে একনেক সভায় পেশ করবে এবং প্রতিবেদনের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৫. (ক) সমাপ্ত উন্নয়ন প্রকল্প ধারাবাহিকভাবে পরবর্তী পর্যায়ে উন্নীত/সম্প্রসারিত হলে এবং সম্প্রসারিত পর্যায়ের প্রকল্পে যানবাহনের সংস্থান থাকলে, প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নতুন টিএপিপি/ডিপিপি (Technical Assistance Project Proforma/Development Project Proforma) অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে পূর্ববর্তী প্রকল্পের প্রয়োজনীয়সংখ্যক যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষে একই প্রকল্পের পরবর্তী পর্যায়ে স্থানান্তর করা যাবে। প্রদত্ত অনুমোদনের একটি কপি সরকারি যানবাহন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। অতিরিক্ত যানবাহন (যদি থাকে) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরকারি যানবাহন অধিদপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে জমা দিতে হবে।

(খ) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন নতুন প্রকল্পে ব্যবহার করার প্রয়োজন হলে প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নতুন টিএপিপি/ডিপিপি (Technical Assistance Project Proforma/Development Project Proforma) অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সমাপ্ত প্রকল্পের প্রয়োজনীয়সংখ্যক যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষে নতুন প্রকল্পে ব্যবহার করা যাবে। প্রদত্ত অনুমোদনের একটি কপি সরকারি যানবাহন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। অতিরিক্ত যানবাহন (থাকলে) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরকারি যানবাহন অধিদপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে জমা দিতে হবে।

০৬। যে সকল গাড়ি ক্রয়ের অর্থ সরকার থেকে ঋণ হিসেবে গ্রহণ করা হয় এবং সে অর্থ সরকারকে সুদে আসলে Debt Service Liability (DSL) হিসাবে পরিশোধ করে থাকে, এ জাতীয় ঋণের অর্থে সংগৃহীত/ক্রয়কৃত যানবাহন, প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান তাদের টিওঅ্যান্ডই অনুযায়ী যে কয়টি গাড়ি কম আছে কেবল সে কয়টি গাড়ি প্রচলিত পদ্ধতি অনুসরণে স্ব স্ব টিওঅ্যান্ডই (TO&E)-তে অন্তর্ভুক্ত করত ব্যবহার করতে পারবে। তবে, প্রকল্প পরিচালক, (TO&E) বহির্ভূত যানবাহন নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে সরকারি যানবাহন অধিদপ্তরে জমা নিশ্চিত করবে।

০৭। দেশি/বিদেশি উৎস থেকে প্রাপ্ত অনুদান (Grant) এর মাধ্যমে উন্নয়ন প্রকল্পের জন্য সংগৃহীত/ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর এতদবিষয়ে দাতা সংস্থার কোন বিশেষ শর্ত না থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা ৬ নং অনুচ্ছেদের অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে।

০৮। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা কর্তৃক কেবল গাড়ি ক্রয়ের জন্য যেসকল প্রকল্প গ্রহণ করা হয়, সেসকল প্রকল্পের যানবাহন সরকারি পরিবহণ পুলে জমা দেওয়ার প্রয়োজন নেই। তবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাকে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে যানবাহনগুলো তাদের টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্ত করে নিতে হবে এবং এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এবং সরকারি যানবাহন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

০৯। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার বিশেষ প্রয়োজনে সমাপ্ত প্রকল্পের যানবাহন ব্যবহার অপরিহার্য হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প সমাপ্তির তারিখের ০৬ (ছয়) মাস পূর্ব থেকেই প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে প্রকল্পের যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে তাদের স্ব স্ব টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করবে। টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্তির প্রক্রিয়া গ্রহণ করলেও প্রকল্প সমাপ্তির ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়ে থাকলে সংশ্লিষ্ট যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরে জমা প্রদান করতে হবে। প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যানবাহন কেন্দ্রীয় পরিবহণ পুলে জমা না দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/মন্ত্রণালয় ঐ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১০। প্রতি অর্থবছর সমাপনান্তে উক্ত অর্থবছরে সমাপ্ত প্রকল্পের আওতায় ক্রয়কৃত/সংগৃহীত যানবাহন পরিবহণ পুলে জমা প্রদানপূর্বক প্রকল্পের যানবাহন-সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্যাদিসহ সংযুক্ত ছকে (সংযুক্তি-১) প্রদান করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব প্রতিবছর ৩১ অক্টোবর তারিখের মধ্যে প্রত্যয়ন (সংযুক্তি-২) প্রদান করবেন এবং তা আইএমইডি, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১১। সমাপ্ত প্রকল্পের যানবাহন কেন্দ্রীয় পরিবহণ পুলে জমা প্রদান সংক্রান্ত তথ্যাদি প্রতি অর্থবছর সমাপনান্তে ৩১ অক্টোবর তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব আইএমইডি, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ)
উপসচিব

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব ...................................................................... মন্ত্রণালয়/বিভাগ
৪. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার................................................ (সকল)
৬. জেলা প্রশাসক ........................................... (সকল)
৭. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)
৮. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সংযুক্তি-১

## সমাপ্ত প্রকল্পের যানবাহনসংক্রান্ত তথ্যাদি

**মন্ত্রণালয়/বিভাগের নাম :**

| প্রকল্পের নাম, বাস্তবায়নকাল, বাস্তবায়নকারী সংস্থা | যানবাহনের ধরন | প্রকল্প দলিল অনুযায়ী সংখ্যা | ক্রয়ের সংখ্যা ও ক্রয়ের তারিখ | রেজিস্ট্রেশন নং | সরকারি যানবাহন অধিদপ্তরে হস্তান্তরের মেমো নং, তারিখ | সংস্থার টিওঅ্যান্ডই-তে হস্তান্তরের মেমো নং, তারিখ | অচল ঘোষণার মেমো নং, তারিখ | পরবর্তীকালে ফেরত/স্থানান্তরের মেমো নং, তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
------------------------ মন্ত্রণালয়
------------------------ বিভাগ
------------------------
www.----------.gov.bd

নং ------------------------------------------------------, তারিখ:-----------

## প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, গত ---------- অর্থবছরে -------------- মন্ত্রণালয়/বিভাগের আওতায় বাস্তবায়নাধীন --- টি প্রকল্পের মধ্যে ----টি প্রকল্প সমাপ্ত হয়েছে। উক্ত---টি প্রকল্পে মোট -----টি বিভিন্ন ধরনের যানবাহন ক্রয়/সংগ্রহ/সংস্থানের বিপরীতে মোট ----টি যানবাহন ক্রয়/সংগ্রহ করা হয়েছে (বিস্তারিত সংযুক্তি-১)। ক্রয়কৃত/সংগৃহীত মোট------ টি যানবাহনের মধ্যে ---- টি যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরে জমা দেওয়া হয়েছে। অবশিষ্ট ----টি যানবাহনের মধ্যে ----টি যানবাহন সংশ্লিষ্ট-সংস্থার টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্ত করে হস্তান্তর করা হয়েছে, ----টি যানবাহন যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে অচল ঘোষণা করা হয়েছে এবং ---টি যানবাহন পরবর্তীকালে সংস্থায় ফেরত/স্থানান্তর করা হয়েছে।

(-----------------------------------)
সিনিয়র সচিব/সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩১.২৬.০০১৪.২২.৩২৭

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের গাড়ি সরকারি যানবাহন অধিদপ্তরে হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) স্মারক নম্বর: ২১.০০.০০০০.১২১.৯৯.০০১.১৭(অংশ-১)-২১০; তারিখ: ০২/০৭/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বিগত ৫ (পাঁচ) বছরের (২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছর) মধ্যে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের গাড়ির তথ্য সংযুক্ত ছক মোতাবেক আগামী ০৯/০৭/২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৮-০৭-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপসচিব
ফোন : ০২-২২৩৩৫৬৭৭৫
ইমেইল : admin1@mowr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫। সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩১.২৬.০০১৪.২২.৩২৭/১ (৪)

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

০৮-০৭-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপসচিব

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.২৬.১৫৬.২৪-৭৯১

তারিখঃ ১৫ জুলাই ২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে প্রেরণ করা হলোঃ**

১. প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশনী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)..................................., বাপাউবো.................................।
৩. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক (সকল)...................................................................।
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৬. পরিচালক (সকল)..........................................................................।
৭. নির্বাহী প্রকৌশলী/ প্রকল্প পরিচালক (সকল) ...........................................................।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) (বাপাউবো, ঢাকা।)
৯. অফিস কপি/মাস্টার কপি।

১৫/০৭/২০২৫

(হোসাইন মোঃ হাফিজুর রহমান)
উপপরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর: ৬৮১২১৪০০১

ডায়েরী নং 680
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ১৫/৭/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

বিষয়: সমাপ্ত উন্নয়ন প্রকল্পের গাড়ী সরকারি যানবাহন অধিদপ্তরে হস্তান্তর সংক্রান্ত তথ্যাদির ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম:

| ক্রমিক নং | গাড়ীর নম্বর ও ধরণ | প্রকল্পের নাম | ক্রয়ের সন | গাড়ীর বিস্তারিত বিবরণ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী সমাপ্ত প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরে জমা প্রদান করা হয়েছে কিনা? হ্যাঁ/না | সমাপ্ত প্রকল্পের গাড়ী জমা প্রদান করা না হলে তার কারণ | [illegible] |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |